তারিখ ২৭/৮/৯১
পৃষ্ঠা ২ কলাম ১

# দৈনিক খবর

## শিক্ষক সমিতির সমাবেশ ৮ই সেপ্টেম্বর

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ শিক্ষক সমিতি আগামী ৮ই সেপ্টেম্বর ঢাকায় শিক্ষক সমাবেশ করবে। গত রোববার সংগঠনের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এস

২-এর পাতায় দেখুন

## শিক্ষক সমিতির

প্রথম পৃষ্ঠার পর

এম আশরাফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তৃতা করেন নজরুল ইসলাম, খলিলুজ্জামান, সাখাওয়াত হোসেন ও খলিলুর রহমান ভূইয়া।

সভার প্রারম্ভে সমিতির সাবেক সাধারণ সম্পাদক আবদুল খালেক, আন্তর্জাতিক সচিব মোঃ শমসের আলী, দফতর সচিব মোঃ আতিক উল্লাহসহ আরো অনেক শিক্ষকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে মরহুমবৃন্দের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়।

সভায় শিক্ষকদের চাকরি জাতীয়করণ, ১০ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালু, টাইম স্কেল প্রবর্তন, তামাদি প্রথা বাতিল, স্থগিতাদেশ প্রত্যাহার, শিক্ষক স্বার্থ পরিপন্থি বিজ্ঞপ্তিসমূহ বাতিল, নবায়ন প্রথার জটিলতা পরিহার, স্বীকৃতিপ্রাপ্ত নতুন বিদ্যালয়সমূহের বেতন প্রদান, নতুন পে-স্কেলে শিক্ষকদের অবমূল্যায়নের প্রতিবাদসহ সকল দাবীসমূহ মেনে নেয়ার জন্য সরকারকে আন্তরিক পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়।